



# সামসুল হক খান স্কুল এন্ড কলেজ

পাড়াডগার মাতুয়াইল ডেমরা ঢাকা ফোন: ৭৫৫৯০০৭

## ভর্তি বিজ্ঞপ্তি - ২০১৮ (বাংলা মাধ্যম)

- ১। সামসুল হক খান স্কুল এন্ড কলেজে ২০১৭ শিক্ষাবর্ষে (১ম - ৯ম শ্রেণি) বালক ও বালিকা ভর্তির জন্য আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।
- ২। ২০/১১/২০১৭ - ২০/১২/২০১৭ তারিখ সকাল ৯ টা - বিকাল ৩টা পর্যন্ত অফিস কক্ষে (নীচ তলায় ১০৩ নং কক্ষ) আবেদন ফরম বিতরণ চলবে।
- ৩। অভিভাবকবৃন্দকে নির্ধারিত সময়ে অফিস কক্ষ থেকে আবেদন ফরম সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন ক্রমেই ফরম সংগ্রহ করা যাবে না। আবেদন ফরমের মূল্য ২০০ (দুইশত) টাকা ও প্রস্পেক্টাসের মূল্য ১০০ (একশত) টাকা।
- ৪। জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুযায়ী ১ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৬ + বছর হতে হবে। তাই যে সকল ছাত্র-ছাত্রীর জন্ম ০১/০১/২০১২ এর পূর্বে ছয় মাসের মধ্যে কেবল তারাই প্রথম শ্রেণিতে ভর্তির আবেদন করতে পারবে। বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে। জন্মনিবন্ধন সনদের ফটোকপি সত্যায়িত না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৫। ২য় - ৯ম শ্রেণির শিক্ষার্থীদের জন্ম তারিখ নিম্নলিখিত তারিখের অনুরূপ অথবা তার পূর্বে ছয় মাসের মধ্যে হতে হবে। উল্লেখ্য বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

২য় শ্রেণি	০১/০১/২০১১	৫ম শ্রেণি	০১/০১/২০০৮	৮ম শ্রেণি	০১/০১/২০০৫
৩য় শ্রেণি	০১/০১/২০১০	৬ষ্ঠ শ্রেণি	০১/০১/২০০৭	৯ম শ্রেণি	০১/০১/২০০৪
৪র্থ শ্রেণি	০১/০১/২০০৯	৭ম শ্রেণি	০১/০১/২০০৬		

- ৬। প্রার্থীর সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে পিন আপ করে দিতে হবে। ছবির পিছনে শিক্ষার্থীর পূর্ণ নাম লেখা থাকতে হবে।
- ৭। জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী ফরমে শিক্ষার্থীর পূর্ণ নাম এবং পিতা-মাতার পূর্ণ নাম উল্লেখ করতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থী বা তার পিতা-মাতার নাম/নামের কোন অংশ পরবর্তী সময়ে কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না। উল্লেখ্য, এ বিষয়ে আবেদন করলে তাৎক্ষণিকভাবে তার ভর্তি বাতিল করা হবে।
- ৮। অসম্পূর্ণ ফরম বাতিল বলে গণ্য হবে।
- ৯। ২য় - ৯ম শ্রেণিতে লিখিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ১০। ১ম শ্রেণিতে ভর্তির জন্য অভিভাবক ও গভর্নিংবডির উপস্থিতিতে আনুষ্ঠানিক লটারির মাধ্যমে শিক্ষার্থী বাছাই করা হবে। ১ম শ্রেণিতে ভর্তিচ্ছুদের লটারির পূর্বে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময় শুধুমাত্র একজন অভিভাবক (পিতা/মাতা) ছাত্র/ছাত্রীর সাথে উপস্থিত থাকবেন। আনুষ্ঠানিক লটারি ও সাক্ষাৎকারের সময় ও তারিখ প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড থেকে জানা যাবে।
- ১১। ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের ধরণ ও সিলেবাস সম্পর্কিত তথ্য প্রস্পেক্টাসে রয়েছে।
- ১২। লিখিত পরীক্ষার ফলাফল প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ঘোষিত তারিখ ও সময়ে নোটিশ বোর্ড, প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং মোবাইলে SMS এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
- ১৩। ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে লিখিত পরীক্ষায় নির্বাচিত ছাত্র/ছাত্রীদের ভর্তির সময় প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা / জেএসসি পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ১৪। ফরমে ক্রমিক নম্বরে কোন অস্পষ্টতা থাকলে ফরম সংগ্রহের সময় কাউন্টার থেকে সংশোধন করে নিতে হবে।
- ১৫। ভর্তিচ্ছু প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১৬। ২০১৭ শিক্ষাবর্ষে এই প্রতিষ্ঠান হতে অনুত্তীর্ণ ছাত্র/ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ১৭। এই স্কুলে ভর্তির জন্য কারো মাধ্যমে তদবির করে প্রতারণার শিকার না হওয়ার জন্য সম্মানিত অভিভাবকদের পরামর্শ দেয়া হল।
- ১৮। ভর্তির বিস্তারিত তথ্যের জন্য প্রতিষ্ঠানের ওয়েবসাইট [www.shksc.edu.bd](http://www.shksc.edu.bd) এবং ই-মেইল [info@shksc.edu.bd](mailto:info@shksc.edu.bd)

(ড. মাহবুবুর রহমান মোল্লা)

প্রিন্সিপাল

সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা

তারিখ: ০৬/১১/২০১৭